''মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার''

# জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারকঃ ৫৫.১২.০০০০.১০৭.৩২.০০৩.১৯-২৯৬ তারিখঃ ১৬.০৬.২০২০

বিষয়: সব বয়সী প্রতিবন্ধী মানুষকে চলমান জরিপে অন্তর্ভুক্তি, পরিচয় পত্র ও ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রতিবন্ধী নারীদের নিয়ে কাজ করা বেসরকারী সংগঠন উইম্যান উইথ ডিসএবিলিটিস এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (WDDF) এর পক্ষ থেকে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। পত্রে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার ৪টি ইউনিয়নে সংগঠনটির সাম্প্রতিক সময়ে কাজের অভিজ্ঞতার আলোকে সারা দেশে চলমান প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কার্যক্রম, পরিচয় পত্র বিতরণ ও প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত কতিপয় সুপারিশ উপস্থাপন করা হয়েছে।

০২। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ অনুসারে প্রতিবন্ধী ব্যক্তির নিবন্ধন ও পরিচয় পত্র ব্যতীত কোন প্রতিবন্ধী ব্যক্তি এ আইন বা অন্য কোন আইনে প্রতিবন্ধী ব্যক্তির জন্য নির্ধারিত কোন সুবিধা গ্রহণ করতে পারবে না। এ কারণে সব বয়সী মানুষ যাদের প্রতিবন্ধিতা ইতোমধ্যে সনাক্ত করা সম্ভব হয়েছে, চলমান জরিপে তাদের অন্তর্ভুক্ত করে পরিচয় পত্র প্রদানের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে কমিশন মনে করে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে সংযুক্ত পত্রের সুপারিশ পর্যালোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক কমিশনকে অবহিত করতে নির্দেশিত হয়ে অনুরোধ করা হল।

কাজী আরফান আশিক
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় মানবাধিকার কমিশন

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

অনুলিপি:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

**Women with Disabilities' Development Foundation (WDDF)**
(An Organizations Of and By the Women with Disabilities working for all)
Member: member of Asia Pacific Women in Law and Development (APWLD)
South Asia Disability Forum (SADF)
NGOAB Reg.No.-2911

ডাব্লিউডিডিএফ / ফাইল নং-০৩/২৯৫২০/২০ তারিখ ঃ ১০ জুন ২০২০

বরাবর,
চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ
বিটিএমসি ভবন, কাওরান বাজার
ঢাকা।

**বিষয়ঃ দাউদকান্দি উপজেলার বিভিন্ন ইউনিয়ন এ ৮-১০ বছর বয়সের নিচে প্রতিবন্ধী শিশুদের কে প্রতিবন্ধিতা জরীপে অন্তর্ভুক্ত করে না এবং প্রতিবন্ধী কার্ড দেয়না বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে।**

মহোদয়,

Women With Disabilities Development Foundation (WDDF) এর পক্ষ হতে শুভেচ্ছা জানাচ্ছি।

WDDF সকল ধরণের প্রতিবন্ধী নারীদের সমন্বয়ে গঠিত নারী অধিকার ভিত্তিক স্ব-সংগঠন। প্রতিষ্ঠানটি সারা দেশের প্রতিবন্ধী নারীদের প্রতি বৈষম্য মুক্ত সমাজে নিজস্ব মর্যাদার সাথে বসবাস এর সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২০০৭ সাল হতে কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠালগ্ন থেকে এই সংগঠনটি দেশের প্রতিবন্ধী নারীদের সার্বিক জীবনমান উন্নয়নের লক্ষ্যে নিরলস প্রচেষ্টা অব্যহত রেখে আসছে। সংগঠনটি ইতিমধ্যে বাংলাদেশসহ আন্তর্জাতিক পর্যায়ে প্রতিবন্ধী নারীদের উন্নয়ন কার্যক্রমে একটি সফল সংগঠন হিসেবে পরিচিত লাভ করেছে।

WDDF দাউদকান্দি উপজেলার ৪ টি ইউনিয়নে প্রতিবন্ধী নারী ও মেয়ে শিশুদের নিয়ে কাজ করছে। আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানাচ্ছি যে, দাউদকান্দি উপজেলার প্রতিবন্ধী নারী ও মেয়ে শিশুদের কোভিড -১৯ কালীণ খাদ্য সহায়তা প্রদান কালে গত ২ রা জুন হতে ৭ জুন ২০২০ সালের সারাদিন ব্যাপি বহু সংখ্যক প্রতিবন্ধী নারী ও মেয়ে শিশুর প্রতিবন্ধিতা কার্ড পাওয়ার বিষয়ে অসামঞ্জস্যতা দেখেছি। উক্ত সময়ে দাউদকান্দ উপজেলার জিংলাতলী ইউনিয়নের মেম্বার মাকসুদা আপা এবং সুন্দলপুর ইউনিয়নের মেম্বার মোসাঃ নাসরিন আপার সাথে কথা বলি। তাদের কাছে জানতে চাই কেন ১০ বছরের কম বয়সী প্রতিবন্ধী শিশুদের প্রতিবন্ধী কার্ড নিতে সহায়তা করছেন না বাধা দিচ্ছেন? উভয়েই আমাদের জানান ইউনিয়ন পরিষদের সচিবদের মাধ্যমে তারা নির্দেশনা পান যেন ১০ বছরের কম বয়সী প্রতিবন্ধী শিশুদের প্রতিবন্ধী কার্ড নিতে পরামর্শ অথবা সহায়তা না করেন।

আমরা আরো একটি বিষয় লক্ষ্য করেছি অনেকেই প্রতিবন্ধী ভাতা পান কিন্তু তাদের প্রতিবন্ধী কার্ড নাই এবং জরীপে নাম যুক্ত করার বিষয়ে সমাজ সেবা অফিসার কোন কথা কখনো বলেন না। অথচ আইনে আছে প্রতিবন্ধী কার্ড না থাকলে সরকারের কোন সহায়তা পাবেননা। হতদরিদ্র মানুষ প্রতিবন্ধী কার্ড আছে কিন্তু ভাতা পাননা এমন সংখ্যাও কম নয়।

এই চিত্র শুধু দাউদকান্দি উপজেলার নয় বাংলাদেশের অধিকাংশ উপজেলার এই রকমই চিত্র দেখা যাচ্ছে। সুতারং সকল শিশু যাদের বয়স ১০ বছরের কম কিন্তু প্রতিবন্ধিতা সনাক্ত হয়ে গেছে যেমন অটিস্টিক, বুদ্ধি প্রতিবন্ধিতা, দৃষ্টি, শারিরীক, সেরিব্রাল পালসি, ডাউন সিনড্রম, পোলিও, বাক-শ্রবণ এবং বহুমুখি, ডেফ ব্লাইন্ড ইত্যাদি তাদের জরীপে নাম অন্তর্ভুক্ত ও প্রতিবন্ধী কার্ড প্রদান করা। যারা প্রতিবন্ধী ভাতা পান কিন্তু প্রতিবন্ধী জরীপে নাম নেই তাদের তথ্য সমাজসেবা অফিসে আছে তাদের নাম জরীপে যুক্ত করা এবং প্রতিবন্ধী কার্ড প্রদান করা। সকল হতদরিদ্র মানুষের ভাতার জন্য মন্ত্রণালয়ে আবেদন পাঠানোর ব্যবস্থা যেন মন্ত্রণালয় বাজেট ঘোষনার আগে আবেদন অনুযায়ী ব্যবস্থা নিতে পারে।

আপনার জাতীয় মানবাধিকার কমিশন হতে সমাজ কল্যাণ মন্ত্রণালয় হতে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং নিউরো ডেভেলোপমেন্টাল ট্রাস্ট আইন ২০১৩ এর আলোকে যত দ্রুত সম্ভব উল্লেখিত বিষয়ে যে সকল গ্যাপ আছে তা পূরণ করার জন্য সহৃদয় সহায়তার জন্য বিনীত অনুরোধ জানচ্ছি।



আশরাফুন নাহার মিষ্টি
নির্বাহী পরিচালক
Women With Disabilities Development Foundation (WDDF)
বাড়ি নং ৭১২/১, রোড # ১০, বায়তুল আমান হাউজিং, আদাবর, ঢাকা-১২০৭
মোবাইল: ০১৭১১৪৭৭৩৪৮

Road #10, House #712/1, Baitul Aman Housing, Adabor, Mohammadpur, Dhaka-1207, Bangladesh.
Phone and Fax: (88) 55010234 Mob.01711477348, E-mail: wddf.08@gmail.com web:wddfbd.org